# জানাযার বিধিবিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযার বিধিবিধান সংক্রান্ত ৭০টি প্রশ্ন

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ ইবন সালেহ আল-উসাইমীন রহ.

৩৯: শোকাহত ব্যক্তিকে সান্ত্বনা দেওয়ার সময় কখন?

মৃতের মৃত্যুর পর থেকেই তার শোকাহত পরিবার-পরিজন ও আত্মীয় স্বজনকে সান্ত্বনা প্রদানের সময় শুরু হয়। অনুরূপভাবে মৃত্যুঘটিত কারণ ছাড়া অন্য কোন কারণে কেউ দুঃখগ্রস্ত হলে দুঃখগ্রস্ত হওয়ার পর থেকেই তাকে সান্ত্বনা দেওয়ার সময় শুরু হয়। দুঃখ–কষ্ট লাঘব না হওয়া পর্যন্ত সান্ত্বনা দেওয়া যায়। কারণ কাউকে সান্ত্বনা দেওয়ার উদ্দেশ্য তাকে অভিনন্দন ও শুভেচ্ছা জানানো নয়; বরং সান্ত্বনা দেওয়ার উদ্দেশ্য হল, শোকাহত ব্যক্তিকে বিপদে ধৈর্য্য ধারণের প্রতি শক্তিশালী করে তোলা এবং ছওয়াব প্রাপ্তির আশায় তাকে আশান্বিত করা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1696

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন